দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 22 OCT 1988
পৃষ্ঠা 7 কলাম 6

09

# টেক্সটবুক বোর্ডের চেয়ারম্যান পদে লুতফুল হায়দার চৌধুরীর যোগদান

প্রফেসর লুতফুল হায়দার চৌধুরী জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান পদে ১৩ই অক্টোবর যোগ দিয়েছেন।

শিক্ষাবিদ লুতফুল হায়দার চৌধুরী এর আগে সাদত বিশ্ববিদ্যালয় কলেজ, ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, খুলনা সরকারী মহিলা কলেজ ও সরকারী শহীদ সোহরাওয়ার্দী কলেজে অধ্যক্ষ ছিলেন। এছাড়া তিনি চট্টগ্রাম কলেজ, রাজশাহী কলেজ, তিতুমীর কলেজ ও বরিশাল ব্রজমোহন কলেজে অধ্যাপনা করেন।

তিনি লন্ডন বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব এডুকেশনে 'পাঠ্যপুস্তক রচনা ও প্রকাশনা' সম্পর্কে উচ্চতর প্রশিক্ষণ ও ব্যাংককে ইউনেস্কোর আঞ্চলিক কেন্দ্রে 'শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা' বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। শিক্ষাবিদ হিসাবে তার নাম 'ক্যাম্ব্রিজ বায়োগ্রাফিকাল ডিকসনারী'তে অন্তর্ভুক্ত রয়েছে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।